

হিসাব নম্বর :

গ্রাহক আইডি :

ইসলামিক ব্যাংকিং টার্ম ডিপোজিট এবং স্কিম হিসাব মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের নীতিমালা

(Policy for Pre-mature Encashment of Term Deposit and Scheme Accounts)

সাধারণভাবে মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব ও স্কিম হিসাব মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করা যায় না। অবিনাশ্য কারণবশতঃ গ্রাহক যদি মেয়াদপূর্ব নগদায়ন বা ডিপোজিট উত্তোলন করতে চান তাহলে তা 'গ্রাহক কর্তৃক মুদারাবা চুক্তি ভঙ্গ' হিসেবে গণ্য করা হবে এবং শরীয়াহর আলোকে এমন ক্ষেত্রে গ্রাহক আর্থিক সময়ের জন্য কোন মুনাফা দাবি করতে পারেন না। তদুপরি ব্যাংক বিশেষ বিবেচনায় এরূপ ক্ষেত্রে পূর্বনির্ধারিত আয় বন্টন হার (ISR) হ্রাস করে আর্থিক সময়ের মুনাফা প্রদান করতে পারে। আর্থিক ডিপোজিট উত্তোলন বা কুরদ গ্রহণের ক্ষেত্রে পৃথক নীতিমালা প্রযোজ্য হবে।

গ্রাহক যদি একান্তই মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব বা স্কিম হিসাব নির্দিষ্ট মেয়াদের পূর্বে নগদায়ন করতে চান সেক্ষেত্রে নিম্নবর্ণিত 'মেয়াদপূর্ব নগদায়নের নিয়ম' অনুসরণ করে মুনাফা বন্টন করা হবে। নবায়নকৃত হিসাব পরবর্তী মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রেও এই নীতি অনুসরণ করে মুনাফা প্রদান করা হবে।

মুদারাবা টার্ম ডিপোজিট হিসাব (MTDA)-এর ক্ষেত্রে

- ৩ মাস, ৬ মাস এবং ১ বছর মেয়াদী হিসাব ১ মাস পূর্তির পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না। হিসাব খোলার ১ মাসের পর নগদায়ন করা হলে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে অর্জিত মুনাফার সমান হারে মুনাফা প্রদান করা হবে।
- ২ বছর, ৩ বছর, ৪ বছর এবং ৫ বছর মেয়াদী হিসাব ৩ মাস পূর্তির পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না। হিসাব খোলার ৩ মাস পর এবং ১ বছর পূর্তির পূর্বে নগদায়ন করা হলে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে অর্জিত মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে। ১ বছর পূর্ণ হওয়ার পর নগদায়ন করার ক্ষেত্রে যত বছর পূর্ণ হয়েছে তত বছরের হিসাবের জন্য প্রযোজ্য আইএসআর অনুযায়ী মুনাফা প্রদান করা হবে।

কর্পোরেট টার্ম ডিপোজিট হিসাব (CTDA)-এর ক্ষেত্রে

- হিসাব খোলার পর ১ মাস পূর্তির পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
- ৩ মাস, ৬ মাস এবং ১ বছর মেয়াদী হিসাব ১ মাস পর কিন্তু ৩ মাসের পূর্বে নগদায়ন করা হলে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে অর্জিত মুনাফার সমান হারে মুনাফা প্রদান করা হবে।
- ৬ মাস এবং ১ বছর মেয়াদী হিসাব ৩ মাস পর কিন্তু ৬ মাসের পূর্বে নগদায়ন করা হলে ৩ মাস মেয়াদী কর্পোরেট টার্ম ডিপোজিট অ্যাকাউন্টের সমান হারে মুনাফা প্রদান করা হবে।
- ১ বছর মেয়াদী হিসাব ৬ মাস পর নগদায়ন করা হলে ৬ মাস মেয়াদী কর্পোরেট টার্ম ডিপোজিট অ্যাকাউন্টের সমান হারে মুনাফা প্রদান করা হবে।

মুদারাবা মাসিক মুনাফা প্রদান স্কিম (MMPPDS)-এর ক্ষেত্রে

- হিসাব খোলার পর ৬ মাস পূর্ণ হওয়ার পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।

- হিসাব খোলার ৬ মাস পর মেয়াদপূর্ব নগদায়ন করা হলে সংশ্লিষ্ট সময়ের জন্য মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে।
- মেয়াদপূর্ব নগদায়নের ক্ষেত্রে পূর্ববর্তী মাসসমূহে প্রদত্ত মুনাফা আসলের সাথে সমন্বয় করে অবশিষ্ট অর্থ লিংক হিসাবে জমা করা হবে।

মুদারাবা ডিপোজিট পেনশন স্কিম (MDPS)-এর ক্ষেত্রে

- হিসাব খোলার পর ১ বছর পূর্ণ হওয়ার পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
- হিসাব খোলার ১ বছর অতিক্রান্ত হওয়ার পর অথচ ৩ বছর পূর্ণ হওয়ার পূর্বে নগদায়নের ক্ষেত্রে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে।
- হিসাব খোলার ৩ বছর পর যেকোন এমডিপিএস হিসাবের মেয়াদপূর্ব নগদায়নের ক্ষেত্রে যত বছর পূর্ণ হয়েছে তত বছরের হিসাবের জন্য প্রযোজ্য আইএসআর অনুযায়ী মুনাফা প্রদান করা হবে।
- একাধারে ৬ মাস কিস্তির টাকা জমা না হলে এমডিপিএস হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। প্রযোজ্য হলে উল্লিখিত হারে মুনাফাযুক্ত হয়ে আসলসহ সমুদয় টাকা লিংক হিসাবে জমা হয়ে যাবে।

মুদারাবা হজ্জ সঞ্চয় স্কিম (MHSS)-এর ক্ষেত্রে

- হিসাব খোলার পর ১ বছর পূর্ণ হওয়ার পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
- হজ্জ পালন ব্যতীত অন্য উদ্দেশ্যে, হিসাব খোলার ১ বছর অতিক্রান্ত হওয়ার পর এবং মেয়াদপূর্তির পূর্বে হিসাব নগদায়নের ক্ষেত্রে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে।
- হজ্জ বা উমরা পালনের উদ্দেশ্যে, হিসাব খোলার ১ বছর অতিক্রান্ত হওয়ার পর অথচ মেয়াদপূর্তির পূর্বে হিসাব নগদায়নের ক্ষেত্রে কোন কর্তন ব্যতীত প্রতিশনকৃত সমুদয় মুনাফা প্রদান করা হবে।

আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করছি যে, ব্যাংক এশিয়ার ইসলামিক ব্যাংকিংয়ের অধীনে পরিচালিত মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব বা স্কিম হিসাবের 'মেয়াদপূর্ব নগদায়নের নিয়ম' সম্পর্কে আমি/আমরা সম্পূর্ণ সচেতন ও জ্ঞাত আছি। আমি/আমরা এই নিয়ম পুরোটাই পড়েছি এবং সম্পূর্ণভাবে বুঝতে সক্ষম হয়েছি এবং মেনে চলতে সম্মত রয়েছি।

আবেদনকারীর
স্বাক্ষর ও তারিখ

২য় আবেদনকারীর
স্বাক্ষর ও তারিখ

৩য় আবেদনকারীর
স্বাক্ষর ও তারিখ

৪র্থ আবেদনকারীর
স্বাক্ষর ও তারিখ

ব্যাংক কর্মকর্তার
স্বাক্ষর ও তারিখ